




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
আইন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd



নম্বর ৩১.০০.০০০০.০৪৪.৬৮.০০৩.২১- ৫২

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ
০৭ জুন ২০২১ খ্রিষ্টাব্দ


পরিপত্র

বিষয়: ভূমি রাজস্ব বিষয়ক আদালতসমূহের বিচারিক কার্যক্রমে অনলাইন শুনানি ব্যবস্থা চালুকরণ সংক্রান্ত।

দক্ষ, স্বচ্ছ, জবাবদিহি ও জনবান্ধব ভূমি ব্যবস্থাপনার অভিলক্ষ্যকে সামনে রেখে একটি প্রযুক্তি নির্ভর আধুনিক ও টেকসই ভূমি রাজস্ব বিষয়ক বিচারিক ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে সারাদেশে সহকারী কমিশনার (ভূমি), অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), স্টেটমেন্ট অফিস, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) ও ভূমি আপীল বোর্ড-এ ভূমি রাজস্ব বিষয়ক বিচারিক আদালতের কার্যক্রম চলমান রয়েছে। এ সকল ভূমি রাজস্ব বিষয়ক আদালতের বিচারিক কার্যক্রমে অনলাইন শুনানি গ্রহণ করা হলে বিচারিক সেবা আরও সহজে জনগণের দোরগোড়ায় পৌঁছাবে।

০২। এ অবস্থায়, আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার আইন, ২০২০ (২০২০ সনের ১১ নং আইন) অনুসরণে দেশের সকল ভূমি রাজস্ব বিষয়ক আদালতের বিচারিক কার্যক্রমে বিদ্যমান ব্যবস্থার পাশাপাশি অনলাইন শুনানি নিশ্চিত করতে হবে।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে এ আদেশ কার্যকর হবে।


৭/৬/২১
মোঃ মোস্তাফিজুর রহমান, পিএএ
সচিব
ভূমি মন্ত্রণালয়।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব-----মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড/ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ৪। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৫। বিভাগীয় কমিশনার, -----(সকল)।
- ৬। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ৩/এ, নীলক্ষেত্র, বাবুপুরা, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক, -----(সকল)।
- ৮। জোনাল স্টেটমেন্ট অফিসার/স্টেটমেন্ট অফিসার -----(সকল)।
- ৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। উপপরিচালক, বিজি প্রেস, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য এবং প্রকাশিত গেজেটের কপি প্রেরণের অনুরোধসহ)।
- ১১। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। উপজেলা নির্বাহী অফিসার, ----- (সকল)।
- ১৩। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয় (পরিপত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ এবং সংশ্লিষ্ট সকলের নিকট ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
- ১৪। সহকারী কমিশনার (ভূমি), ----- (সকল)।
- ১৫। সহকারী স্টেটমেন্ট অফিসার----- (সকল)।
- ১৬। অফিস কপি/মাষ্টার কপি।